



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)



স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৩.০১১.৩১.০০১.২৩-১০৪

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩০  
১৮ মে, ২০২৩

বিষয় : দাখিল পরীক্ষা ২০২৩ এর ২৫/০৫/২০২৩ তারিখের পরীক্ষা স্থগিতকরণ এবং স্থগিতকৃত ১৪/০৫/২০২৩ ও ২৫/০৫/২০২৩ তারিখের

পরীক্ষার নতুন সময়সূচি অবহিতকরণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণে ২০২৩ সালের দাখিল পরীক্ষার ২৫/০৫/২০২৩ তারিখ বৃহস্পতিবার অনুষ্ঠিতব্য উচ্চতর গণিত (তত্ত্বীয়) বিষয়ের (বিষয় কোড-১১৫) পরীক্ষা একযোগে দেশের সকল কেন্দ্রে স্থগিত করা হলো। স্থগিতকৃত ১৪/০৫/২০২৩ ও ২৫/০৫/২০২৩ তারিখের পরীক্ষা নিম্নোক্ত সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

বিষয় ও সময় সকাল ১০ টা থেকে ১ টা পর্যন্ত	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় ও সময় বিকাল ২ টা থেকে ৫ টা পর্যন্ত	বিষয় কোড
ইংরেজি প্রথম পত্র	১৩৬	২৭/০৫/২০২৩ শনিবার	×	×
উচ্চতর গণিত (তত্ত্বীয়)	১১৫	২৮/০৫/২০২৩ রবিবার	×	×

## ব্যবহারিক পরীক্ষার পরিবর্তিত সময়সূচি

সকল বিষয়ের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা .	২৯/০৫/২০২৩ সোমবার হতে ০৪/০৬/২০২৩ রবিবার পর্যন্ত (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে)। ০৫/০৬/২০২৩ সোমবারের মধ্যে প্রিন্ট কপি এবং ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে বোর্ডের দাখিল শাখায় হাতে হাতে জমা দিতে হবে।	প্রতিদিন সকাল ১০ টা হতে পরীক্ষা শুরু করতে হবে	নিজ নিজ কেন্দ্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে	ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোন ক্রেমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না
---	--	---	---	--

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

মোঃ কামাল উদ্দিন  
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল: controller@bmeb.gov.bd

১. জেলা প্রশাসক (সকল)
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৩. কেন্দ্রসচিব (সকল), দাখিল পরীক্ষা ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার  
(শিক্ষা ও কল্যাণ শাখা)

স্মারক নং- ০৫.৪.৫৮০০.০১৯.৯৯.০০৫.২৩. ১৫৬

তারিখ : ২২/০৫/২০২৩ খ্রি:

অনুলিপি ( সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ০১। জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার মৌলভীবাজার সদর/কমলগঞ্জ/শ্রীমঙ্গল/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ০৩। ট্রেজারী অফিসার, মৌলভীবাজার।
- ০৪। কেন্দ্র সচিব(সকল), দাখিল পরীক্ষা-২০২৩।
- ০৫। সহকারী কমিশনার(গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

সৈয়দ সফিকাত আলী  
সহকারী কমিশনার  
শিক্ষা ও কল্যাণ শাখা  
ফোন নং- ০৮৬১-৫৩০৬৯